ইনকিলাব

তারিখ ... 2006

পৃষ্ঠা ৩ কলাম ৩

# ঢাবিতে ছাত্রলীগের ওপর ছাত্রদলের হামলা

## গুলী বোমা : ৩ ছাত্রলীগ কর্মী আহত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় মিছিল বের করার চেষ্টা করলে হামলা করে ক্যাম্পাস থেকে বিতাড়িত করেছে ছাত্রদল। ছাত্রলীগ গতকাল (শনিবার) বেলা ১১টার দিকে টিএসসি এলাকায় এ ঘটনা ঘটে। হামলায় ৩ ছাত্রলীগ কর্মী আহত হয়। এ সময় ২ রাউন্ড গুলী ও ৪টি বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে এবং ছাত্রদল কর্মীরা ছাত্রলীগের একটি মোটর সাইকেলে আগুন দেয়। এদিকে দুপুরে যুব মহিলালীগের একটি মিছিল ক্যাম্পাস অতিক্রমকালে ছাত্রদল হামলা করে। এতে যুব মহিলালীগের ২ নেত্রী আহত হয়।

জানা যায়, জোট সরকারের ক্ষমতা হস্তান্তর ও তত্ত্বাবধায়ক সরকারের ক্ষমতা গ্রহণকে কেন্দ্র করে ১৪ দলের কর্মসূচীর অংশ হিসেবে ছাত্রলীগ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল সমাবেশের আয়োজন করে। বেলা ১১টার দিকে ছাত্রলীগ মিছিল করার জন্য টিএসসি এলাকায় জড়ো হয়। ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে এ মিছিলের আয়োজন করা হয় বলে জানা গেছে। এ খবর পেয়ে মিছিল শুরু হওয়ার আগেই হাকিম চত্বরে থাকা ছাত্রদল কর্মীরা ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর হামলা করে। ছাত্রদলের হামলায় ছাত্রলীগ নেতাকর্মীরা দিগ্বিদিক ছুটে পালায়। এতে ছাত্রলীগের বিজ্ঞান ও প্রযুক্তিসহ সম্পাদক কামরুল হাসানসহ ৩ নেতাকর্মী আহত হয়। এ সময় ২ রাউন্ড গুলী ও ৪টি বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে। ছাত্রলীগ এসব গুলী ও বো বিস্ফোরণের জন্য ছাত্রদলকে দায়ী করেছে তবে ছাত্রদল এ অভিযোগ অস্বীকা করেছে। ছাত্রদলের হামলাকালে ছাত্রলী সাংগঠনিক সম্পাদক জুয়েলের রেখে যাও মোটর সাইকেলে আগুন ধরিয়ে দে ছাত্রদল।

এদিকে বেলা সোয়া ১২টার দিকে য় মহিলালীগের একটি মিছিল ক্যাম্পা অতিক্রমকালে ছাত্রদল মিছিলে হামলা করে হামলায় তেজগাঁও থানা যুব মহিলালী সভাপতি শামীমা রহমান ও যুগ্ম সম্পাদ উম্মে কুলসুম আহত হয়। মিছিলটি কেন্দ্রী শহীদ মিনারে অনুষ্ঠেয় সম্মিলিত নাগরি আন্দোলনের কর্মসূচীতে যোগ দিতে যাচ্ছি বলে জানা গেছে।